



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



বিজ্ঞপ্তি

নং- ৮০.০০.০০০০.০০০.৩০১.১১.০০০১.২৫-৩২৩

তারিখ : ২৩ আশ্বিন, ১৪৩৩
০৮ অক্টোবর, ২০২৬

বিষয় : সাধারণ পূলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” ও “সহকারী প্রোগ্রামার” (৯ম গ্রেড) পদে প্রার্থীদের সমন্বিত বাছাই (MCQ Type) পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।

সাধারণ পূলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” (৯ম গ্রেড) ও “সহকারী প্রোগ্রামার” (৯ম গ্রেড) পদে প্রার্থীদের কমিশনের নীতিমালা অনুযায়ী বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ে-৪০ মোট=১০০ নম্বরের অভিন্ন প্রশ্নপত্রে সমন্বিত বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা	বাছাই (MCQ Type) পরীক্ষার তারিখ ও সময়
সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (৯ম গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৯৯)	লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, লালমাটিয়া, ঢাকা।	000001-800100	২৩৪০ জন	২৯.১০.২০২৬ তারিখ (বৃহস্পতিবার) বেলা ৩:০০ মিনিট থেকে ৪:০০ মিনিট পর্যন্ত।
“সহকারী প্রোগ্রামার” (৯ম গ্রেড) (বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ১০৯)	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা।	000001-002000	২০০০ জন	
	শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।	002001-200040	১৪৩৯ জন	
	শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।	200041-800009	১২০০ জন	
	৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।	8000010-800200	১৯০ জন	

সময়সূচি ও নির্দেশাবলি :

০২. কোন প্রার্থী “সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” ও “সহকারী প্রোগ্রামার” উভয় পদে আবেদন করে থাকলে, তিনি যে কোন একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করলে উভয় পদের বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করেছেন মর্মে গণ্য হবেন। তবে প্রার্থী যে পদে পরীক্ষা দিতে ইচ্ছুক, তাকে সেই পদের প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় তিনি উক্ত বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। অর্থাৎ এক পদের প্রবেশপত্র দিয়ে অন্য পদের পরীক্ষায় বা অন্য পরীক্ষার হলে অংশগ্রহণের অনুমতি দেয়া হবে না।

সময়	পরীক্ষার্থীদের করণীয়
বেলা ২:০০-২:৪৫ মিনিট পর্যন্ত	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
বেলা ২:৩০-২:৫৫ মিনিট পর্যন্ত	প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
৩:০০ ঘটিকা	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্ন পত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হলে থেকে বের হতে পারবেন না।
৪:০০ ঘটিকা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

ক্রমশ-০২

পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

- ৩.ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘর গুলো ০ (শূন্য) দিয়ে পূরণ পূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে;
 - খ. প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে;
 - গ. **বেলা ২:৪৫ টার মধ্যে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। বেলা ২:৪৫ টার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রবেশপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না;**
 - ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
 - ঙ. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, মানি ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনো রূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহণা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ডসহ সদৃশ সকল ধরনের কার্ড কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রবেশপত্রে উল্লিখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য, বাছাই পরীক্ষার জন্য প্রযোজ্য নয়;
 - চ. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে;
 - ছ. পরীক্ষার্থীদেরকে বিশেষ ভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিক ভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনো রূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে;
 - জ. **পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পূর্ণমান হবে ১০০ (একশত)। পরীক্ষার্থী প্রতিটি শূদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর করে কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ১ (এক) ঘণ্টা। নির্ধারিত ০১ (এক) ঘণ্টার মধ্যে ১০০ নম্বরের উত্তর প্রদান করতে হবে;**
 - ঝ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে **আগামী ২৫.১০.২০২৬** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য কমিশন সচিবালয়ের নন-ক্যাডার (পরীক্ষা) শাখা পরিচালক বরাবর আবেদন দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদন বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে;
 - ঞ. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে;
 - ট. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের **“সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” ও “সহকারী প্রোগ্রামার”** পদের সমন্বিত বাছাই (MCQ Type) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না;
 - ঠ. উল্লেখ্য, গত ৩১.০৮.২০২৫ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির ক্রমিক নং ৯৯ ও ১০৯/২০২৫, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের **“সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী” ও “সহকারী প্রোগ্রামার”** পদের ডাউনলোডকৃত প্রবেশপত্র সঠিক আছে কিনা তা ভালোভাবে যাচাই/বাছাই করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করবেন। অন্য কোন পদের প্রবেশপত্র গ্রহণযোগ্য হবে না;
 - ড. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না;**
 - ঢ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন;
 - ন. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
৪. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।



(মোঃ মাহফুজুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)